গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং-৩৮.০০.০০০০.১০৭.১১.০০৬.২০১৬- ২০৮৬

তারিখ: ১১ জ্যৈষ্ঠ, ১৪২৪।
২৫ মে, ২০১৭।

বিষয় : নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতাধীন **অফিস সহায়ক, ডেচপ্যাচ রাইডার, নিরাপত্তা প্রহরী, মালী ও পরিচ্ছন্নতা কর্মী** পদে নিয়োগের নিমিত্ত বিজ্ঞপ্তিটি হুবহু তাঁর দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। এতদসংক্রান্ত বিজ্ঞপ্তির একটি কপি সংযুক্ত করা হলো। উল্লেখ্য যে, বিজ্ঞপ্তিতে আবেদনের তারিখ ৪ জুন ২০১৭ তারিখ থেকে ২৪ জুন ২০১৭ পর্যন্ত নির্ধারিত করা হয়েছে বিধায় ২৭ মে ২০১৭ তারিখের মধ্যে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। বিজ্ঞপ্তি প্রচারের পর তিন কপি পত্রিকাসহ বিল দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

২৫/৫/১৭
আজহারুল ইসলাম
শিক্ষা অফিসার

বার্তা সম্পাদক:

১। দৈনিক ইত্তেফাক
টিকাটুলি, মতিঝিল, ঢাকা

২। দৈনিক যুগান্তর
ক-২৪৪ প্রগতি স্বরনী, কুরিল,
বারিধারা, ঢাকা।

৩। দৈনিক বাংলাদেশ প্রতিদিন
৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা আবাসিক এলাকা, বসুন্ধরা, ঢাকা।

৪। দৈনিক আমাদের সময়
১৯/৩ বীর উত্তম কাজী নুরুজ্জামান রোড,
পান্থপথ, ঢাকা-১২০৫।

৫। দৈনিক প্রথম আলো
সিএ ভবন, ১০০ কাজী নজরুল ইসলাম এভিনিও
কারওয়ান বাজার, ঢাকা।

অনুলিপি :

১। জনাব মো: মাহফুজুল হক, সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব সাইটে লিংক করার অনুরোধসহ)।

২। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর, সেকশন-২, ঢাকা-১২১৬
web: www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০০.০০০০.১০৭.১১.০০৮.২০১৬-১০৮৩

তারিখঃ ১১ জ্যৈষ্ঠ, ১৪২৪।
২৫ মে, ২০১৭।

নিয়োগ বিজ্ঞপ্তি

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন রাজস্বখাতভুক্ত **অফিস সহায়ক, ডেচপ্যাচ রাইডার, নিরাপত্তা প্রহরী, মালী ও পরিচ্ছন্নতা কর্মী** এর নিম্নবর্ণিত শূন্য পদসমূহে পার্শ্বে উল্লেখিত বেতন স্কেলে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে (রাংগামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলা ব্যতীত) দরখাস্ত আহবান করা যাচ্ছে। উক্ত পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য বিবরণ/যোগ্যতা নিম্নে উল্লেখ করা হলো।

ক্রঃ নং	পদ নাম	পদ সংখ্যা	বেতনস্কেল ২০১৫ অনুযায়ী	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতা
১.	অফিস সহায়ক	৮৬৮	টাকা ৮২৫০-২০,০১০/- {চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ ২০১৫}২০তম গ্রেড	সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ ৩০ (মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২) বৎসর।	৮ম শ্রেণি পাশ এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।
২.	ডেসপ্যাচ রাইডার	১	টাকা ৮২৫০-২০,০১০/- {চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ ২০১৫}২০তম গ্রেড	সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ ৩০ (মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২) বৎসর।	৮ম শ্রেণি পাশ এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।
৩.	নিরাপত্তা প্রহরী	৭৬	টাকা ৮২৫০-২০,০১০/- {চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ ২০১৫}২০তম গ্রেড	সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ ৩০ (মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২) বৎসর।	৮ম শ্রেণি পাশ এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।
৪.	মালী	৩৯	টাকা ৮২৫০-২০,০১০/- {চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ ২০১৫}২০তম গ্রেড	সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ ৩০ (মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২) বৎসর।	৮ম শ্রেণি পাশ এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।
৫.	পরিচ্ছন্নতা কর্মী	৪১	টাকা ৮২৫০-২০,০১০/- {চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ ২০১৫}২০তম গ্রেড	সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ ৩০ (মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২) বৎসর।	৫ম শ্রেণি পাস অথবা মেথর সম্প্রদায়ের সদস্য।

উল্লেখ্য, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ১৯ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের ৩৮.০০১.০৩৪.০০.০০.০৪০.২০১২-৩৬৯ নং স্মারক মূলে ইতোপূর্বে ২০০৪, ২০০৮ ও ২০১২ সালে জারীকৃত এমএলএসএস, নৈশপ্রহরী, মালী ও সুইপার পদের নিয়োগ বিজ্ঞপ্তিসহ নিয়োগের সকল প্রক্রিয়া বাতিল করা হয়েছে।

শর্তসমূহ:

১। এ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে আগ্রহী প্রার্থীগণকে অনলাইনে (Online) দরখাস্ত করতে হবে। সে লক্ষ্যে http://dpe.teletalk.com.bd এবং www.dpe.gov.bd ওয়েবসাইটে লগ ইন করলে একটি লিংক পাওয়া যাবে। ঐ লিংকে প্রবেশ করে সংশ্লিষ্ট নির্দেশনা মোতাবেক Online এ আবেদনপত্র পূরণ করতে হবে। Online এ আবেদনপত্র পূরণ শেষে Submit করার পূর্বে অবশ্যই ভালভাবে পড়ে নিতে হবে। চূড়ান্তভাবে Submit করার পর Applicant copy প্রিন্ট নিতে হবে। আবেদন ফি জমা দেয়ার পর Application Form কোন অবস্থাতেই সংশোধন বা প্রত্যাহার করা যাবে না। সঠিকভাবে পূরণকৃত Applicant copy হতে প্রাপ্ত User ID দিয়ে আবেদন ফি জমা দিতে হবে। অত:পর SMS এর মাধ্যমে আবেদনকারীকে একটি User ID এবং Password দেয়া হবে, যা সব সময়ের জন্য সংরক্ষণ করতে হবে।

২। অনলাইনে আবেদন গ্রহণ শুরুর তারিখ- ০৪/০৬/২০১৭ খ্রিষ্টাব্দ (বিকাল ০৩.০০ মিনিট), শেষ তারিখ- ২৪/০৬/২০১৭ খ্রিষ্টাব্দ (রাত ১১:৫৯ মিনিট)।

৩। কেবলমাত্র User ID প্রাপ্ত প্রার্থীগণ উক্ত সময়ের পরবর্তী ৭২ ঘন্টা পর্যন্ত SMS এর মাধ্যমে ফি প্রদান করতে পারবেন।

ক) অনলাইনে আবেদন দাখিলের পর অবশ্যই SMS এর মাধ্যমে 'ফি' প্রদান করতে হবে। 'ফি' প্রদানের পরই কেবল আবেদনটি চূড়ান্তভাবে গৃহীত হয়েছে বলে গণ্য হবে।

খ) পরবর্তীতে লিখিত পরীক্ষার ব্যবস্থাদি চূড়ান্ত করার পর প্রত্যেক যোগ্য আবেদনকারীকে SMS এর মাধ্যমে জানানো হবে। তিনি উপরোক্ত ওয়েবসাইটের লিংক ব্যবহার করে পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন।

গ) দরখাস্তকারী যে জেলার স্থায়ী বাসিন্দা, তাঁর প্রার্থিতা উক্ত জেলার প্রাপ্য কোটার অনুকূলে নির্ধারিত থাকবে এবং নিয়োগ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম তদানুযায়ী নিয়ন্ত্রিত হবে।

ঘ) প্রচলিত কোটানীতি অনুসরণপূর্বক মেধাক্রমানুসারে (জেলাওয়ারী) নিয়োগের চূড়ান্ত প্রার্থীতালিকা প্রস্তুত করে নিয়োগ দানের ব্যবস্থা নেয়া হবে।

ঙ) User ID এবং Password সহ অন্যান্য তথ্য উক্ত লিংক-এ প্রার্থীর নিজস্ব তথ্য দিয়ে পুনরুদ্ধার করা যাবে।

চ) প্রার্থীকে পরীক্ষার ফি বাবদ ৫০.০০ টাকা (পঞ্চাশ টাকা) এবং টেলিটকের ৫.৫০ টাকা (পাঁচ টাকা পঞ্চাশ পয়সা) সার্ভিস চার্জসহ অফেরতযোগ্য ৫৫.৫০ টাকা (পঞ্চান্ন টাকা পঞ্চাশ পয়সা) টাকা যে কোন টেলিটক (Teletalk) মোবাইল নম্বর হতে SMS এর মাধ্যমে যথাসময়ে প্রেরণ করতে হবে।

ছ) এ সংক্রান্ত সকল নির্দেশনা ক্রমিক নং-১ এ বর্ণিত ওয়েব সাইটে পাওয়া যাবে।

জ) ০১/০৬/২০১৭ তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে শুধুমাত্র মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত প্রযোজ্য হবে। বয়স নিরূপণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৪। অসত্য/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণদর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগপ্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তাঁর দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তাঁর বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর প্রার্থীকে নিম্নবর্ণিত কাগজপত্রাদির অনুলিপি ন্যূনতম ৯ম গ্রেডের সরকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে নির্ধারিত তারিখের মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, সেকশন ২, ঢাকা ১২১৬ ঠিকানায় জমা দিতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট ভাইবা বোর্ডে প্রদর্শনের জন্য মূল কাগজপত্র সঙ্গে আনতে হবে।

(ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদ (যদি থাকে) এর কপি;
(খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র;
(গ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সন্তানের পিতা/মাতা অথবা পিতা/মাতার পিতা/মাতা এর মুক্তিযোদ্ধা সনদপত্র;
(ঘ) প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক ন্যূনতম ৯ম গ্রেডের সরকারী কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;
(ঙ) এতিম প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক রেজিস্ট্রিকৃত এতিমখানা/শিশুসদন কর্তৃক প্রদত্ত সনদপত্র;
(চ) প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;
(ছ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থী আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য এ মর্মে জেলা কমানডেন্ট আনসার ও ভিডিপি কর্তৃক প্রদত্ত সনদপত্র;
(জ) উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং সিটি কর্পোরেশন এলাকা হলে জেলা প্রশাসক দপ্তর কর্তৃক প্রদত্ত উপজাতীয় পরিচয় বিষয়ক সনদপত্র;
(ঝ) ডাউনলোডকৃত Applicant copy এর সত্যায়িত কপি;
(ঞ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি;

৬। উপরোক্ত তথ্যাদি মোতাবেক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে লিখিত এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া হবে।

৭। প্রার্থীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ দেয়া হবে না।

৮। নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত শর্তাবলী প্রযোজ্য হবে।

৯। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১০। বিজ্ঞপ্তিতে জারীকৃত উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

স্বাক্ষরিত/-
২৫.০৫.২০১৭
মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬।

সাইজ ১৮"X৩

E:\31-03-13\MLSS-Recruit\4th_class_recruit_ad.doc